দর্শনা দক্ষিণ চাঁদপুরে বিরোধপূর্ণ জমির বসত বাড়িতে অগ্নিকান্ড

চুয়াডাঙ্গা জেলার দর্শনা দক্ষিন চাঁদপুরে জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে বসত বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।

এতে প্রায় লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। দীর্ঘ ১৮ দিন ধরে কখনও খোলা আকাশের নীচে ও পরের বাড়িতে বসবাস করছে এক নীরীহ পরিবার। দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত্য আবুল হোসেনের ছেলে মোমিনুল ইসলাম অভিযোগ করে বলেন, আমি আমার ওয়ারিশ সুত্রে পাওয়া ঘর নির্মান করে বসবাস করে আসছিলাম।

গত ২০ নভেম্বর বুধবার বেলা সাড়ে ১১ টার সময় প্রকাশ্যে দিনের বেলায় বসত ঘর পুড়িয়ে দেয় দক্ষিন চাঁদপুর গ্রামের মৃত্য নাজিম উদ্দিনের ছেলে নিজাম, হাসান ও সিংনগর গ্রামের তোতা বসত বাড়িতে আগুন ধরিয়ে দেয় বলে অভিযোগ করেছে মোমিনুল ইসলাম।

এ বিষয়ে মৃত্য নাজিম উদ্দীনের ছেলে নিজাম জানান, জমি আমার জমির দলিল ও খাজনা খারিজ সব আছে। তাই আমি ঘর ভেঙ্গে দিয়েছি। তবে বসত বাড়িতে কারা আগুন দিয়েছে আমার জানা নেই। এ ঘটনায় মোমিনুল ইসলাম কোন উপায়ন্তর না পেয়ে চুয়াডাঙ্গা সেনাবাহিনীর কাছে লিখিত অভিযোগ দায়ের করেছে।